

# কাজেম আলী স্কুল এন্ড কলেজ

২য় মূল্যায়ন পরীক্ষা ২০২১

শ্রেণিঃ দ্বাদশ

বিষয়ঃ অর্থনীতি

বিষয় কোডঃ ১১০

সময়ঃ ১ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমানঃ ৫০ নম্বর

(সৃজনশীল)

(সকল প্রশ্নের উত্তর দিতে হবে)

## নিচের অনুচ্ছেদটি পড় ও প্রশ্নগুলোর উত্তর দাওঃ

১। সাম্প্রতিককালে গার্মেন্টস শিল্প বাংলাদেশের জন্য রোল মডেল হয়ে দাঁড়িয়েছে। আশুলিয়ার এক গার্মেন্টস কর্মী মর্জিনা নামের একজন কর্মী কাজ করে। বাংলাদেশের গার্মেন্টস শিল্পে তৈরি পোশাক যেমন দামে স্বস্তা তেমনি রুচিসম্মত ও ক্রেতাদের কাছে পছন্দনীয়। তৈরি পোশাক রপ্তানি থেকেই বর্তমানে বাংলাদেশের সবচেয়ে বেশি আয় হয়। তবে এ শিল্পে নিয়োজিত শ্রমিকদের অনেক সমস্যা। এই শিল্পে মজুরি যেমন কম তেমনি কাজের সুস্থ পরিবেশ, চাকরির নিরাপত্তার অভাব প্রভৃতি সমস্যা রয়েছে।

ক) শিল্প কি?

খ) ক্ষুদ্র ও কুটির শিল্প কাকে বলে?

গ) সরকারি শিল্পোন্নয়নের প্রধান কোন নীতি অনুসরণ করলে বাংলাদেশের গার্মেন্টস শিল্পের আরও উন্নতি হবে বলে ভুগ্মি মনে করো?

ঘ) মর্জিনার মতো গার্মেন্টস কর্মী তৈরি পোশাক শিল্পে কী ধরনের সমস্যার সম্মুখীন হয়? ব্যাখ্যা করো।

২। জনাব বাহার উদ্দীন সাহেব নিজ এলাকায় একটি গার্মেন্টস ফ্যাক্টরি স্থাপনে আগ্রহী। তবে তাঁর কাছে তেমন কোনো অর্থ নেই। ব্যাংক থেকে অর্থ নিয়ে তিনি তার কার্যক্রম পরিচালনা করতে চান। এ লক্ষ্যে তিনি একটি বাণিজ্যিক ব্যাংকের ব্যবস্থাপকের সাথে যোগাযোগ করেন।

ক) অর্থায়ন বলতে কি বুঝ?

খ) অর্থায়নের ক্ষেত্রে মূলধন বাজার কেন গুরুত্বপূর্ণ?

গ) অর্থায়নের অভ্যন্তরীণ ও বাহ্যিক উৎস ধারণাটি ব্যাখ্যা করো।

ঘ) উদ্দীপকে জনাব বাহার উদ্দীন সাহেব গার্মেন্টস ফ্যাক্টরি স্থাপনের যে অর্থায়নের উৎসটিকে কাজে লাগাতে চান তার ব্যাখ্যা দাও।

৩। জনাব মুশফিক সাহেবের সোনালী ব্যাংক ও ডাচ-বাংলা ব্যাংক দুটিতেই এ্যাকাউন্ট রয়েছে। সোনালী ব্যাংক থেকে চেকে টাকা তুলতে হয়। ডাচ-বাংলা ব্যাংক থেকে যখন যেখান থেকে ইচ্ছা টাকা তোলা যায়। এটিএম বুথে গেলেই টাকা উত্তোলন করা যায়।

ক) আমানত কাকে বলে?

খ) ফিশারের মুদ্রার পরিমাণ তত্ত্বটি সংক্ষেপে লিখ।

গ) অনলাইন ব্যাংকিং ও মোবাইল ব্যাংকিং কাকে বলে? অনলাইন ও মোবাইল ব্যাংকিং এর মধ্যে তিনটি করে পার্থক্য দেখাও।

ঘ) লেখচিত্রের সাহায্যে ‘মুদ্রার মূল্য’ ধারণাটি ব্যাখ্যা করো।

## (বহুনির্বাচনি)

১। সর্বপ্রথম কোন বিদেশী বণিকরা বাংলাদেশে আসে?

(ক) পর্তুগিজরা

(খ) ফরাসিরা

(গ) ইংরেজরা

(ঘ) ওলন্দাজরা

২। সাদা সোনা বলা হয় নিচের কোনটিকে?

(ক) তুলা

(খ) চিংড়ি

(গ) ইলিশ

(ঘ) সার

৩। আর্থিক প্রতিষ্ঠান নিচের কোনটি ?

(ক) স্কুল

(খ) কলেজ

(গ) ব্যাংক

(ঘ) মাদ্রাসা

৪। বর্তমানে কোন ব্যাংক মুদ্রা প্রচলন করে?

(ক) কৃষি ব্যাংক

(খ) বাণিজ্যিক ব্যাংক

(গ) স্বায়ত্তশাসিত ব্যাংক

(ঘ) কেন্দ্রীয় ব্যাংক

৫। ATM কোন ব্যাংকিং এর উদাহরণ?

(ক) ইন্টারনেট ব্যাংকিং

(খ) নেটওয়ার্ক ব্যাংকিং

(গ) মোবাইল ব্যাংকিং

(ঘ) ক্রেডিট ব্যাংকিং

৬। বৃহদাযতন শিল্পের শ্রেণিভুক্ত হলো-

i. বীশ ও বেত

ii. পাট ও বস্ত্র

iii. কাগজ ও সার

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii

(খ) ii ও iii

(গ) i ও iii

(ঘ) i, ii ও iii

## নিচের উদ্দীপকের আলোকে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাওঃ

করিম সাহেব একজন ব্যবসায়ী। তিনি একটি কোম্পানির শেয়ার কিনে নির্দিষ্ট হারে লভ্যাংশ পেয়ে থাকেন। যদি কোম্পানীটি বিলুপ্ত হয়েও যায় তবুও করিম সাহেব তার মূলধন ফেরত পাবেন।

৭। উদ্দীপকে করিম সাহেব কোন ধরনের শেয়ার ক্রয় করেছেন?

- (ক) বিলম্বিত (খ) বিলম্বিত দাবিযুক্ত (গ) প্রেফারেন্স (ঘ) সাধারণ

৮। উদ্দীপকে উল্লিখিত শেয়ারের ক্ষেত্রে-

- i. ঝুঁকি অনেক কম ii. লভ্যাংশ বেশি iii. মূলধন ফেরতযোগ্য

নিচের কোনটি?

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৯। সরকারের টেকসই প্রবৃদ্ধি অর্জন করা সম্ভব হবে যদি-

- i. নতুন বাজার অন্বেষণ করা  
ii. অভ্যন্তরীণ ঝুঁকি মোকাবিলা করা যায়  
iii. বৈদেশিক ঋণ নির্ভরতা বৃদ্ধি পায়

নিচের কোনটি সঠিক?

- (ক) i (খ) i ও iii  
(গ) i ও ii (ঘ) i, ii ও iii

১০। মুক্ত বাজার অর্থনীতিতে জাতীয় আয় পরিমাপের সূত্র কোনটি?

- (ক)  $Y = C + I + G + X + M$  (খ)  $Y = C + I + G$   
(গ)  $Y = C + I$  (ঘ)  $Y = C + I + G + X - M$

১১। ট্রেজারি বিল কোন বাজারের অন্তর্ভুক্ত?

- i. অর্থ বাজার ii. মুদ্রা বাজার iii. বিনিয়োগ বাজার

নিচের কোনটি সঠিক?

- (ক) i (খ) ii  
(গ) ii ও iii (ঘ) i, ii

১২। IPO এর পূর্ণরূপ কী?

- (ক) International Policy Optimal (খ) Internal Production Opportunity  
(গ) Initial Public Offering (ঘ) International Police Organization

১৩। অর্থায়ন শব্দটি ল্যাটিন কোন শব্দ থেকে এসেছে?

- (ক) Fainis (খ) Finis (গ) Finish (ঘ) Finicious

১৪। বাংলাদেশের তৈরি পোশাকের প্রধান ক্রেতা কোন দেশ?

- (ক) যুক্তরাষ্ট্র (খ) দুবাই (গ) যুক্তরাজ্য (ঘ) চীন

## নিচের উদ্দীপকের আলোকে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাওঃ

রবিনের কারখানার কোনো ভাড়া করা শ্রমিক নেই। নিজের পরিবারের সদস্যদের দিয়ে তৈরি একটি কারখানা যেটি ২ লক্ষ টাকা বিনিয়োগ করে প্রতিষ্ঠিত হয়।

১৫। রবিনের কারখানা কোন শিল্পের অন্তর্গত?

- (ক) কুটির শিল্প (খ) ক্ষুদ্র শিল্প (গ) মাঝারি শিল্প (ঘ) বৃহৎ শিল্প

১৬। রবিনের কারখানায় নিয়োজিত মূলধনের পরিমাণ কিরূপ?

- (ক) ৫ লক্ষ টাকার কম (খ) ৫-১০ লক্ষ টাকা (গ) ১০-১৫ লক্ষ টাকা (ঘ) ২৫ লক্ষ টাকার উর্ধ্বে

১৭। পুঁজি বাজার কোন ধরনের মূলধনের যোগান দেয়?

- (ক) স্বল্পমেয়াদী (খ) দীর্ঘমেয়াদী (গ) মধ্যমেয়াদী (ঘ) অপ্রাতিষ্ঠানিক

১৮। বাংলাদেশের প্রধান রপ্তানি শিল্প কোনটি?

- (ক) পাট (খ) কাগজ (গ) তৈরি পোশাক (ঘ) চামড়া

১৯। বন্ডের মেয়াদ কয় বছর ?

- (ক) ১-৩ বছর (খ) ১-৫ বছর (গ) ৫-১০ বছর (ঘ) ৫-১৫ বছর

২০। শেয়ার বাজারের সূত্রপাত হয় কোন দেশে?

- (ক) ইতালি (খ) স্পেন (গ) যুক্তরাষ্ট্র (ঘ) ব্রিটেন